



# সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

## Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ভাসিত সংস্থা

An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/এইচকিউ/ট্রান্সফার-(১)/২০২৪/৩২৩১

তারিখ: ০৮-১০-২০২৪

### অফিস আদেশ

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর স্বার্থে ও সাংগঠনিক প্রয়োজনের ভিত্তিতে এই প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকল্পে কর্মরত কর্মকর্তা ও কর্মচারিদের প্রকল্পাধীন বিভিন্ন স্থানে বদলি/পদায়ন একটি নিয়মিত কার্যক্রম। বাস্তব প্রেক্ষাপট এবং সার্বিক দিক বিবেচনায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বদলি/পদায়ন কার্যক্রম সঠিক, নিরপেক্ষ এবং স্বচ্ছতার সাথে প্রতিপালনের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট বদলি/পদায়ন নীতিমালাসহ বদলি/পদায়ন-এর জন্য একটি কমিটি গঠন করেছেন যা নিম্নরূপ:

#### (ক) এসডিএফ এর কর্মকর্তা ও কর্মচারিদের বদলি/পদায়ন নীতিমালা:

- ১। বদলি প্রতিষ্ঠানের একটি নিয়মিত (Routine) কার্যক্রম; প্রতিষ্ঠানের প্রয়োজনে যে কোন কর্মকর্তা/কর্মচারিকে যে কোন সময় যে কোন স্থানে/পদে বদলি/পদায়ন করা যাবে;
- ২। সাধারণত: একজন কর্মকর্তা/কর্মচারি একটি কর্মসূলে ০৩ (তিনি) বৎসর পর্যন্ত কর্মরত থাকবেন, তবে প্রতিষ্ঠানের বিশেষ প্রয়োজনে/কোন কারণে তাঁকে উত্তোলন পূর্বেই অন্যত্র বদলি করা যাবে;
- ৩। কোন কর্মকর্তা প্রতিষ্ঠানের শৃঙ্খলা বিরোধী কোন কাজে জড়িত থাকলে তাঁকে প্রয়োজনে অন্যত্র বদলি করা যাবে;
- ৪। কোন কর্মকর্তার কার্যক্রম সন্তোষজনক না হলে অথবা তিনি নির্দিষ্ট লক্ষ্য অর্জনে ব্যর্থ হলে তাঁকে অন্যত্র বদলি করা যাবে;
- ৫। কোন কর্মকর্তার আচরণের কারণে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য ব্যহত হলে তাঁকে অন্যত্র বদলি করা যাবে;
- ৬। কোন কর্মকর্তার সন্তোষজনক কর্মকাণ্ড/প্রকল্পবাস্তবায়নে দক্ষতার পরিচয় পাওয়া গেলে তাঁকে অধিকতর গুরুত্বপূর্ণ পদে/স্থানে বদলি করা যাবে;
- ৭। কোন কর্মকর্তার বিরুদ্ধে কোন অভিযোগে বিভাগীয় কার্যক্রম চালু হলে তাঁকে অন্যত্র বদলি করা যাবে;
- ৮। বিশেষ অক্ষমতাজনিত কারণে কোন কর্মকর্তা/কর্মচারিকে তার সুবিধামত স্থানে বিশেষ বিবেচনায় বদলি করা যাবে;
- ৯। প্রতিষ্ঠানের কোন বিরূপ মন্তব্য না থাকলে কর্মকর্তা/কর্মচারিকে পারম্পরিক সম্মতির আবেদনের ভিত্তিতে বদলি করা যাবে;
- ১০। কোন কর্মকর্তা/কর্মচারিকে তাঁদের নিজ জেলায়/এলাকায় বদলি/পদায়নে নিরুৎসাহিত করা হবে;
- ১১। কর্মকর্তা/কর্মচারি সম্পর্কে স্বামী/স্ত্রী হলে তাদের একই/নিকটবর্তী কর্মসূলে বদলির বিষয়টি ক্ষেত্রবিশেষে বিবেচনা করা যেতে পারে;
- ১২। কোন কর্মকর্তা/কর্মচারির মধ্যে টাইম স্প্রিটের অভাব থাকলে তাঁকে অন্যত্র বদলি করা যাবে; এবং
- ১৩। কোন কর্মকর্তা/কর্মচারির যৌক্তিক কারণে ব্যক্তিগত অসুবিধা বিবেচনায় তাঁর বদলি করা যেতে পারে।

#### (খ) বদলি/পদায়ন কমিটি:

- |  |               |
|--|---------------|
| ১। পরিচালক, অপারেশন, এসডিএফ, ঢাকা          | - আহ্বায়ক;   |
| ২। মহাব্যবস্থাপক, প্রশাসন, এসডিএফ, ঢাকা    | - সদস্য;      |
| ৩। মহাব্যবস্থাপক, মানব সম্পদ, এসডিএফ, ঢাকা | - সদস্য সচিব; |

নবগঠিত বদলি/পদায়ন কমিটি সংস্থার কর্মকর্তা ও কর্মচারির দাখিলকৃত বদলি/পদায়নের আবেদনসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) উপরোক্তভিত্তি নীতিমালা মোতাবেক যাচাই-বাছাই সাপেক্ষে প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক বরাবর উপস্থাপন করবেন। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হচ্ছে।

ড. অমিতাভ সরকার

(অবসরপ্রাপ্ত সচিব)

ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতির জন্য: মাননীয় চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস্, এসডিএফ, ঢাকা।

বিতরন: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

- ১) পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (সকল), এসডিএফ।
- ৩) প্রজেক্ট কো-অর্ডিনেটর, কম্পোনেন্ট-৩, এসসিএমএফপি, এসডিএফ, ঢাকা।
- ৪) মহাব্যবস্থাপক (সকল), মানব সম্পদ, এসডিএফ, ঢাকা।
- ৫) প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা, এসডিএফ, ঢাকা।
- ৬) জেলা ব্যবস্থাপক (সকল), এসডিএফ।
- ৭) অফিস কপি।